

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ বিভাগ, অর্থ বিভাগ

রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান শাখা-১।

নং-০৭.১২৬.০০০.৪৬.০০.০০৪.২০১০- ০২

তারিখঃ ০৪-০১-২০১১ ইং।

বিষয়ঃ উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানদের ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারণ প্রসঙ্গে।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-স্থাসবি/উপ-২/সি-৪/২০০৯/১৬৬৫ তারিখঃ ২৬-০৯-২০১০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে উপজেলা পরিষদের চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যানদের ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতার হার এবং অনুমোদনকারী কর্তৃপক্ষ নির্ধারণের বিষয়ে নির্দেশক্রমে অর্থ বিভাগের নিয়োক্ত মতামত প্রদান করা হলোঃ


(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যানগণ এবং ভাইস চেয়ারম্যানগণদের জন্য নিম্নোক্তভাবে তাঁদের দৈনিক ভাতা ও ভ্রমণ ভাতা নির্ধারণ করা যেতে পারেঃ

ক্রমিক নং	ভাতার নাম		অর্থ বিভাগের সুপারিশকৃত হার		মন্তব্য
			চেয়ারম্যান, উপজেলা পরিষদ	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	
১।	দৈনিক ভাতা (Daily Allowance)		২৫০/- টাকা	২০০/- টাকা	• ব্যয় বহুল স্থানের জন্য (ঢাকা, নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, বরিশাল এবং সিলেট শহরের জন্য) এ ভাতা ৩৩.৩% অধিক হারে প্রাপ্য হবেন।
২।	ভ্রমণ ভাতা	(ক) সড়ক পথে	প্রতি কিলোমিটার ১.২৫ টাকা এ হার সমগ্র সড়ক পথে ভ্রমণের জন্য প্রযোজ্য হবে।	প্রতি কিলোমিটার ১.২৫ টাকা। এ হার সমগ্র সড়ক পথে ভ্রমণের জন্য প্রযোজ্য হবে।	-----
		(খ) ট্রেন/স্টীমার /জাহাজে	শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণী (এসি) প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে পথভাড়া ভাতা প্রকৃত ভাড়ার ১.৫ হারে হবে। শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণীর ভ্রমণ ব্যতিত অন্য শ্রেণীর ভ্রমণের ক্ষেত্রে পথভাড়া ভাতা প্রকৃত ভাড়ার ১.৮ হারে হবে।	নন- এসি প্রাপ্য হবেন।  এ ক্ষেত্রে পথভাড়া ভাতা প্রকৃত ভাড়ার ১.৮ হারে হবে।	---
		(গ) বিমানে ভ্রমণ (দেশের অভ্যন্তরে)	Economy Class প্রাপ্য হবেন। এ ক্ষেত্রে প্রদত্ত বিমান ভাড়ার সাথে ২০% আনুষাংগিক খরচ প্রাপ্য হবেন।	প্রাপ্য হবেন না	---

তবে শর্ত থাকে যে,

- উক্ত ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা শুধুমাত্র সরকারী ও জনস্বার্থকৃত ভ্রমণের জন্য প্রযোজ্য হবে।
- সরকারী যানবাহন ব্যবহার করা হলে এ ভাতা প্রাপ্য হবেন না।
- উক্ত ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে হবে। তাতে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- সুনির্দিষ্টভাবে উল্লেখ নেই এমন সব ক্ষেত্রে ভ্রমণ ভাতা ও দৈনিক ভাতা সংক্রান্ত সরকারি কর্মকর্তাদের জন্য প্রযোজ্য বিধি/বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানগণদের বিল উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

  
১৮/০১/২০১১


(মোঃ আব্দুল মান্নান)  
সিনিয়র সহকারী সচিব।  
ফোনঃ ৭১৬৭৯১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
উপজেলা -১ শাখা

স্মারক নং- ৪৬.০৪৬.০০৬.০০.০০.০০৪.২০০৯ - ৩৯

তারিখ- ১৮-০১-২০১১খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের মর্মানুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুলিপি প্রেরণ করা হ'ল। এ আদেশ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে এবং এতদসংক্রান্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থ হতে নির্বাহ করতে হবে।

  
(তসলিমা কানিজ নাহিদা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৭১৫৫৩

বিতরণঃ কার্যার্থে :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),..... জেলা .....
- ০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল),..... উপজেলা..... জেলা।
- ০৩। ভাইস চেয়ারম্যান (সকল),..... উপজেলা পরিষদ ..... জেলা।
- ০৪। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল),.....

অনুলিপিঃ

- ০১। কমিশনার (সকল),..... বিভাগ,.....
- ০২। জেলা প্রশাসক (সকল),.....
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।